দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 26 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

# কিন্ডার গার্টেন ও প্রি-ক্যাডেট স্কুলকে রেজিস্ট্রেশন দানের বিধি শিথিলের আহবান

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ কিন্ডার গার্টেন এন্ড স্কুল এসোসিয়েশনের সভায় কিন্ডার গার্টেন প্রি-ক্যাডেট স্কুলসমূহকে রেজিস্ট্রেশন দেয়ার ক্ষেত্রে দাবীকৃত বিধিমালা শিথিল করার জন্য প্রধানমন্ত্রী ও শিল্পমন্ত্রীর প্রতি আহবান জানানো হয়।

সম্প্রতি এসোসিয়েশনের কার্যালয়ে এসোসিয়েশনের সভাপতি জনাব শাহীন পারভেজ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মেট্রোপলিটন এলাকায় অনুরূপ পৌর এলাকা ও পল্লী এলাকায়ও নিজস্ব জমি ও ভবন না থাকলেও ভাড়াকৃত ভবনে বিদ্যালয় স্থাপনের অনুমতিসহ জমি ও ভবনের আয়তনের পরিমাণ শিথিল করার সুপারিশ করা হয়। যেহেতু উক্ত বিদ্যালয়সমূহ ব্যক্তি মালিকানায় প্রতিষ্ঠিত এবং সরকার কর্তৃক পদত্ত কোন প্রকার অনুদান নেয়া হয় না, সেহেতু সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলের অর্থের পরিমাণ, শিক্ষক-শিক্ষিকা নিয়োগ সংক্রান্ত বিধি, গ্রন্থাগারের শর্তসমূহ শিথিল করাসহ রেজিস্ট্রেশনের সময়সীমা বৃদ্ধি করার জন্যও সুপারিশ করা হয়।